‘ভালো চার্জিংয়ের’ সুবিধা নিয়ে বাজারে আসছে ভিভোর জেড ৫

শক্তিশালী ব্যাটারি আর দ্রুত চার্জিংয়ের সুবিধা নিয়ে বাজারে আসার ঘোষণা দিয়েছে ভিভোর নতুন স্মার্টফোন জেড৫। এর ছবি বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে।

প্রযুক্তি বিষয়ক ওয়েবসাইট সিনেট জানিয়েছে, এই ফোনের অন্যতম বৈশিষ্ট্য হল এর তিনটি রিয়ার ক্যামেরা। প্রধান ক্যামেরা ৪৮ মেগাপিক্সেল এবং তার সঙ্গে রয়েছে ৮ মেগাপিক্সেল ও ২ মেগাপিক্সেলের সেন্সর ক্যামেরা।

ভিভো চীনে এই ফোন প্রথম লঞ্চ করবে ৩১ জুলাই। তার আগেই প্রকাশিত হল এর প্রথম লুক। রিয়ার ক্যামেরার পাশাপাশি এই ফোনে ৩২ মেগাপিক্সেল সেলফি ক্যামেরা রয়েছে। এ ছাড়া ফোনে ৬.৩৮ ইঞ্চির এইচডি ডিসপ্লে এবং ৪,৪২০ এমএইচ ব্যাটারি রয়েছে যা ফোনটিকে আকর্ষণীয় করে তুলেছে। এতে থাকবে অত্যাধুনিক ফিঙ্গারপ্রিন্ট রিডার।

এই ফোনের আরেকটি আকর্ষণ হল এর ওয়াটার ড্রপ নচ ডিসপ্লে। মোট তিনটি রঙে এই ফোনটি পাওয়া যাবে। বাংলাদেশে কবে আসবে তা এখনও জানায়নি ভিভো।